গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
পাট-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ **বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নীত হওয়ার বিষয়টি উদ্‌যাপনের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও এর অধীনস্থ সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠান এর পক্ষ থেকে কি কি কার্যক্রম গ্রহণ করা হবে এ বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ফয়জুর রহমান চৌধুরী<br>সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ২৬/০২/২০১৮ খ্রি. |
| সময় | : বেলা ৩.০০ ঘটিকা |
| স্থান | : মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | : পরিশিষ্ট ''ক'' |

| | | |
|---|---|---|
| নথিভূক্ত | পেশ করুন | অন্যান্য |
| পত্র প্রাপ্তির তারিখঃ ২৮/২/১৮ | | |
| উঃপঃ (প্রশাঃ) | | উঃপঃ (রপ্তানী) |
| উঃপঃ (পরিঃ) | | উঃপঃ (বাস্তঃ) |
| উঃপঃ (এম,আই) | | প্রকল্প পরিচালক |
| উঃপঃ (জরিপ) | | |
| প্রকল্প | | পরিচালকের স্বাক্ষর |

০২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নীত হওয়ার বিষয়টি উদ্‌যাপনের জন্য কেন্দ্রিয়ভাবে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানান। তদ্‌প্রেক্ষিতে যুগ্মসচিব (প্রশাসন) আগামী ২০-২৫ মার্চ ২০১৮ সারা দেশ ব্যাপী উদযাপনের কর্মসূচি সভায় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। উপস্থাপন শেষে সভায় সকলে আলোচনায় অংশগ্রহণ করেন এবং অনুষ্ঠান উদযাপনের বিষয়ে মতামত প্রদান করেন।

০৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

(ক) ২২ শে মার্চ, ২০১৮ বেলা ২:৩০ ঘটিকায় স্থানীয় সরকার বিভাগ আয়োজিত শোভাযাত্রায় (শিশু একাডেমী পয়েন্টে) মন্ত্রণালয় ও এর অধিনস্থ সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠান এর কর্মকর্তা/কর্মচারীগণ অংশ গ্রহণ করবে;

(খ) উক্ত শোভাযাত্রায় কম বেশী বিজেএমসি-২০০ জন, বিটিএমসি-১০০ জন, তাঁত বোর্ড-৫০ জন, বিজেসি-২০ জন, পাট অধিদপ্তর-৫০ জন, বস্ত্র অধিদপ্তর-৫০ জন, আদমজী সন্স লিঃ-৪০ জন, জেডিপিসি-৩০ জন এবং মন্ত্রণালয়ের ১০০ জন কর্মকর্তা ও কর্মচারীকে অংশ গ্রহণ করতে হবে;

(গ) ২২ শে মার্চ, ২০১৮ বেলা ২:৩০ ঘটিকায় বিটিএমসি ও বিজেএমসি থেকে ১টি করে ২টি বাদকদলসহ শোভাযাত্রায় উপস্থিত থাকতে হবে;

(ঘ) মন্ত্রণালয় এবং অধিনস্থ সকল সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠান-কে আনুষ্ঠানিক উদযাপন এর সকল অনুষ্ঠানে অংশগ্রহণ করতে হবে;

(ঙ) মন্ত্রণালয় এবং প্রত্যেক দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান স্ব-স্ব ব্যানারসহ শোভাযাত্রায় অংশগ্রহণ করবে, মন্ত্রণালয়ের ব্যানার হবে দৈর্ঘ্য ১২' ও প্রস্থ ৪' এবং অধিনস্থ প্রতিষ্ঠানের ব্যানার দৈর্ঘ্য ১০' ও প্রস্থ ৩.৫';

(চ) জাতীয় কর্মসূচীর সাথে সংগতি রেখে অধীনস্থ সকল দপ্তর/সংস্থা এর জেলা ও উপজেলা পর্যায় সপ্তাহ ব্যাপী অনুষ্ঠান আয়োজন করতে হবে;

(ছ) প্রত্যেক দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান তাদের কর্মসূচী প্রণয়ন করে ০৮/০৩/২০১৮ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(জ) স্মরণিকার জন্য প্রত্যেক দপ্তর/সংস্থা এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা ও প্রশাসন অধিশাখা থেকে উন্নয়ন বিবরণী আগামী ০১/০৩/২০১৮ এর মধ্যে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) বরাবরে প্রেরণ করবে ;

(ঝ) বস্ত্র ও পাট মন্ত্রণালয় থেকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে যুগ্মসচিব (প্রশাসন) দায়িত্ব পালন করবে;

(ঞ) পরবর্তী সকল কার্যক্রম সমন্বয় ও সংসদ অধিশাখা থেকে পরিচালনা করবে।

০৪। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত:২৭/০২/২০১৮
(মো: ফয়জুর রহমান চৌধুরী)
সচিব

বস্ত্র অধিদপ্তর
গৃহীত
নং ১৬৭৫

নং- ২৪.০০.০০০০.১১৮.৯৯.০১৫.১৮-৮৯

তারিখঃ ১৫ ফাল্গুন ১৪২৪ ব.
২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

বিতরণঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বিজেএমসি/বিটিএমসি/বিজেসি (বিঃ)/ বাংলাদেশ তাঁত বোর্ড, ঢাকা।
০৪। মহাপরিচালক, পাট অধিদপ্তর, করিম চেম্বার, ৯৯, মতিঝিল বা/এ, ঢাকা/ বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা/ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
০৫। নির্বাহী পরিচালক, জেডিপিসি, ফার্ম গেট, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। যুগ্ম সচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। উপপ্রধান/ উপসচিব (সকল), পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সহকারী সচিব/ সহকারী প্রধান/সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৭/২/১৮

(খেনচান)
উপসচিব (পাট)
ফোনঃ ৯৫৭১২১৯।

## এলডিসি হতে উত্তরণ

- জাতিসংঘ ১৯৭১ সালে তিনটি নির্ণায়ক (Criteria)-র ভিত্তিতে উন্নয়নশীল দেশসমূহের মধ্য থেকে সবচেয়ে কম উন্নত/চরম দরিদ্র দেশগুলিকে নিয়ে এলডিসি শ্রেণী প্রতিষ্ঠা করে।
- বাংলাদেশ ১৯৭৫ সালে এলডিসি শ্রেণিতে অন্তর্ভুক্ত হয়।
- প্রতিষ্ঠাকালে সংখ্যা ছিল ২৫, বর্তমানে এলডিসির সংখ্যা ৪৭
- এ পর্যন্ত ০৫ টি দেশ- বাতসোয়ানা (১৯৯৪), সামোয়া (২০১৪), ইকুয়েটোরিয়াল গিনি (২০১৭), মালদ্বীপ (২০১১), কেপভর্দ (২০০৭) এলডিসি হতে উত্তরণে (Graduation) সক্ষমতা লাভ করেছে।
- দুটো দেশ উত্তরণের অপেক্ষায়- এ্যাঙ্গোলা (২০২০), ভানুয়াতু (২০২১)
- ২০১৮ সালে সুপারিশ লাভের সম্ভাব্য তিনটি দেশ – বাংলাদেশ, লাওস এবং মিয়ানমার

2

## এলডিসি থেকে উত্তরণের নির্ণায়কসমূহ: বাংলাদেশের অবস্থান

| নির্ণায়ক | উত্তরণের মান ২০১৮ | সিডিপি | বিবিএস |
|---|---|---|---|
| GNI per capita | ১২৩০ মা. ডলার বা তার বেশি (বিগত ৩ বছরের গড়) | ১২৭২ মা. ডলার | ১২৭১ মা. ডলার |
| Human Asset Index | ৬৬ বা তার বেশি | ৭২.৮ | ৭২.৯ |
| Economic Vulnerability Index | ৩২ বা তার কম | ২৫.০ | ২৪.৮ |

**তিনটি নির্ণায়কের যে কোন দুটির উত্তরণ মান অর্জন করতে হয়**
**অথবা**
**মাথাপিছু জিএনআই উত্তরণ মানের দ্বিগুণ হতে হয়**
(income only criteria)

3

## উত্তরণের যোগ্যতা অর্জনে উদযাপন রূপরেখা

- বাংলাদেশের এলডিসি থেকে উত্তরণ স্বাধীনতা পরবর্তী উন্নয়নের ইতিহাসে একটি উল্লেখযোগ্য অর্জন।
- বাংলাদেশই প্রথম দেশ যা তিনটি নির্ণায়ক এক সংগে অতিক্রম করে উত্তরণের যোগ্যতা অর্জন করতে যাচ্ছে।
- গত ২২ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকে মাননীয় অর্থমন্ত্রী ঐতিহাসিক এ অর্জনটি আগামী ২২ মার্চ ২০১৮ তারিখে আনুষ্ঠানিকভাবে উদযাপনের বিষয়ে আলোকপাত করেন।
- উদযাপন আয়োজন সমন্বয় ও বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় টাস্কফোর্সের গত ৩১শে জানুয়ারীর সভায় একটি টাস্কটিম গঠন করা হয়।

# ঢাকা-কেন্দ্রিক উদযাপন কর্মসূচি

## আনুষ্ঠানিক উদযাপন- অনুষ্ঠান কর্মসূচি

বৃহস্পতিবার, ২২ মার্চ, ২০১৮ সকাল ১০:০০ ঘটিকা, বিআইসিসি

ক. মাননীয় প্রধানমন্ত্রীর নিকট আনুষ্ঠানিকভাবে উত্তরণ সুপারিশপত্র হস্তান্তর;

খ. মাননীয় প্রধানমন্ত্রীকে আনুষ্ঠানিক সম্বর্ধনা;

গ. ভিডিও ডকুমেন্টারী উপস্থাপন;

ঘ. স্মারক ডাক টিকেট ও স্মারক মুদ্রা উন্মোচন;

ঘ. উত্তরণ উপলক্ষে বিশেষ স্মরণিকা প্রকাশ ও বিতরণ;

**দায়িত্বেঃ** জাতীয় টাস্ক ফোর্সের দিক নির্দেশনায় ইআরডি আগামী ২০ ফেব্রুয়ারী ২০১৮ তারিখের মধ্যে একটি প্রাথমিক রূপরেখা প্রণয়ন করবে।

## উৎসবমুখর পরিবেশে বর্ণাঢ্য শোভাযাত্রা

বৃহস্পতিবার, ২২ মার্চ, ২০১৮ বেলা ৩:০০ ঘটিকা, ঢাকা শহর

- ঢাকা শহরকে চারটি জোনে ভাগ করে নির্দিষ্ট পয়েন্ট হতে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ গুরুত্বপূর্ণ সংস্থা স্ব স্ব উদ্যোগে সুসজ্জিত বাদকদলসহ শোভাযাত্রার আয়োজন করবে।
- সাইক্লিস্ট/ রোলার স্কেটিং দল/ তারকা খেলোয়াড়/ অভিনেতা অংশগ্রহণ করতে পারে

**দায়িত্বেঃ**

- মূল সমন্বয়ে- স্থানীয় সরকার বিভাগ
- মন্ত্রণালয়/ বিভাগ/ গুরুত্বপূর্ণ সংস্থাসমূহ প্রয়োজনীয় রূপরেখা প্রস্তুত করে জাতীয় টাস্ক ফোর্সের দিক নির্দেশনার জন্য ইআরডি-এর নিকট প্রেরণ করবে।

## সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান

**বৃহস্পতিবার, ২২ মার্চ, ২০১৮ সন্ধ্যা ৬:৩০ ঘটিকা, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম**

- মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ভিডিও কনফারেন্সের মাধ্যমে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠান উদ্বোধন;
- ৫-৭ মিনিটির একটি লেজার শো;
- সকলে একসংগে জাতীয় সংগীত গাওয়ার মাধ্যমে সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু করা যেতে পারে;
- ২ ঘন্টার একটি সাংস্কৃতিক অনুষ্ঠান;
- ১০-১২ মিনিটির একটি ফায়ার ওয়ার্কস;

**দায়িত্বেঃ** মূল সমন্বয়েঃ সংস্কৃতি মন্ত্রণালয়

বিদ্যুৎ বিভাগ/ আইসিটি/তথ্য/সংস্কৃতি মন্ত্রণালয়/ ঢাকা জেলা প্রশাসন/ডিসিসি'র সমন্বয়ে একটি টিম প্রয়োজনীয় রূপরেখা প্রস্তুত করে জাতীয় টাস্ক ফোর্সের দিক নির্দেশনার জন্য ইআরডি'র নিকট প্রেরণ করবে।

## আন্তর্জাতিক সেমিনারের আয়োজন

**শুক্রবার, ২৩ মার্চ, ২০১৮ সকাল ১০:০০-১২:৩০ ঘটিকা, হোটেল রেডিসন ব্লু**

- আন্তর্জাতিক সেমিনার- চেয়ার: মাননীয় অর্থমন্ত্রী
- অংশগ্রহণ: বিদেশি অতিথি/সুশীল সমাজ/ এনজিও/ বেসরকারী খাতসহ সকল অংশীজন

**দায়িত্বে:** জাতীয় টাস্কফোর্সের দিক-নির্দেশনায় ইআরডি আগামী ২০ ফেব্রুয়ারী ২০১৮ তারিখের মধ্যে একটি রূপরেখা প্রণয়ন করবে।

**শুক্রবার, ২৩ মার্চ, ২০১৮ বিকেল ৪:০০-৬:০০ ঘটিকা, হোটেল রেডিসন ব্লু**

- সীমিত পর্যায়ে বিশেষজ্ঞদের নিয়ে মতবিনিময়
- **দায়িত্বে:** অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

## সারা দেশব্যাপী উদযাপন
## কর্মসূচি

### অনুষ্ঠান কর্মসূচি - সারা দেশব্যাপী উদযাপন

সারা দেশ ব্যাপী উদযাপন ২০-২৫ মার্চ, ২০১৮

- **বিশেষ সেবা সপ্তাহ**- সকল মন্ত্রণালয়/ বিভাগ এবং জেলা/ উপজেলা/ ইউনিয়ন পর্যায়ে নাগরিক সুবিধাগুলো জনগনের দোড়গোড়ায় দৃশ্যমানভাবে সেবাদান ও মান নিশ্চিত করবে।
- সপ্তাহব্যাপী আয়োজনে জেলা/ উপজেলা পর্যায়ে আলোচনা, সেমিনারের আয়োজন, চিত্র প্রদর্শনী, ছবি আঁকা প্রতিযোগিতা, আনন্দ শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে;
- তথ্য প্রযুক্তি বিষয়ক উন্নয়নের প্রদর্শনী;
- এলাকাভিত্তিক জনপ্রিয় খেলাধূলা, যেমনঃ নৌকা বাইচ, লাঠিখেলা, ফুটবল, কাবাডি, ক্রিকেট ইত্যাদির আয়োজন করা যেতে পারে;
- জেলা/ উপজেলায় এ সপ্তাহের বিভিন্ন দিনে বিভিন্ন স্থানে অনুষ্ঠান ছড়িয়ে দিয়ে সাজাতে হবে।

## ব্যাপক প্রচারণা
## কর্মসূচি

### ব্যাপক প্রচারণার আয়োজন- ঢাকা/ রাজধানীতে

- প্রিন্ট মিডিয়ায় গোল টেবিল আলোচনা, তথ্যধর্মী লেখা, সম্পাদকীয় প্রকাশ; মূল সমন্বয়: তথ্য মন্ত্রণালয়
- সহজবোধ্য ভাষায় বুলেট আকারে উন্নয়নের চিত্র তুলে ধরে শহরময় রঙিন পোস্টার, লিফলেট, হ্যান্ডবিল প্রচার
- সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্ত করে এলডিসি উত্তরণ সংক্রান্ত তথ্য উপস্থাপন; মূল সমন্বয়: শিক্ষা মন্ত্রণালয়
- টিভি/রেডিও ইলেক্টনিক মিডিয়ায় TVC, theme song প্রচারসহ টকশোধর্মী বিভিন্ন আলোচনার আয়োজন; মূল সমন্বয়: তথ্য মন্ত্রণালয়
- ফেসবুক, টুইটার, ব্লগ ইত্যাদির মত সোশ্যাল মিডিয়ায় এ অর্জনের প্রচারণার উদ্যোগ গ্রহণ; মূল সমন্বয়: ইআরডি
- শহর সজ্জিতকরণ- ফ্যাস্টুন, ব্যানার, পোষ্টার, এলইডি লাইটিং, রঙিন পতাকা; মূল সমন্বয়: ইআরডি

## ব্যাপক প্রচারণার আয়োজন- তৃণমূল পর্যায়ে

- স্থানীয় প্রিন্ট মিডিয়ায় তথ্যধর্মী লেখা প্রকাশ; মূল সমন্বয়: তথ্য মন্ত্রণালয়
- বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও পয়েন্টে TVC, theme song প্রচার; মূল সমন্বয়: স্থানীয় সরকার বিভাগ
- জেলা/ উপজেলা সজ্জিতকরণ- ফ্যাস্টুন, ব্যানার, পোষ্টার, এলইডি লাইটিং, রঙিন পতাকা; মূল সমন্বয়: মন্ত্রিপরিষদ বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগ
- পালাগান/ জারি গান/ লোকজ সংস্কৃতির মাধ্যমে উন্নয়ন ও উত্তরণের গুরুত্ব তুলে ধরে প্রচারণার উদ্যোগ গ্রহণ ; মূল সমন্বয়: সংস্কৃতি/ তথ্য মন্ত্রণালয়
- সহজবোধ্য ভাষায় পোস্টার/ লিফলেট প্রস্তুত ও বিতরণ; মূল সমন্বয়: তথ্য মন্ত্রণালয়
- বাস/ গাড়িতে উত্তরণ সংক্রান্ত স্টিকার; মূল সমন্বয়: সড়ক বিভাগ
- সকল মন্ত্রণালয়/ বিভাগ স্ব স্ব উদ্যোগ অর্থ বিভাগ হতে বাজেট বরাদ্দ নিয়ে বাস্তবায়ন;

## ব্যাপক প্রচারণার আয়োজন- তৃণমূল পর্যায়ে

- স্থানীয় প্রিন্ট মিডিয়ায় তথ্যধর্মী লেখা প্রকাশ; মূল সমন্বয়: তথ্য মন্ত্রণালয়
- বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও পয়েন্টে TVC, theme song প্রচার; মূল সমন্বয়: স্থানীয় সরকার বিভাগ
- জেলা/ উপজেলা সজ্জিতকরণ- ফ্যাস্টুন, ব্যানার, পোষ্টার, এলইডি লাইটিং, রঙিন পতাকা; মূল সমন্বয়: মন্ত্রিপরিষদ বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগ
- পালাগান/ জারি গান/ লোকজ সংস্কৃতির মাধ্যমে উন্নয়ন ও উত্তরণের গুরুত্ব তুলে ধরে প্রচারণার উদ্যোগ গ্রহণ ; মূল সমন্বয়: সংস্কৃতি/ তথ্য মন্ত্রণালয়
- সহজবোধ্য ভাষায় পোস্টার/ লিফলেট প্রস্তুত ও বিতরণ; মূল সমন্বয়: তথ্য মন্ত্রণালয়
- বাস/ গাড়িতে উত্তরণ সংক্রান্ত স্টিকার; মূল সমন্বয়: সড়ক বিভাগ
- সকল মন্ত্রণালয়/ বিভাগ স্ব স্ব উদ্যোগ অর্থ বিভাগ হতে বাজেট বরাদ্দ নিয়ে বাস্তবায়ন;

## আশু করণীয়

- **উদযাপন কর্মপরিকল্পনা ও বিশেষ সেবা সপ্তাহের কর্মপরিকল্পনা-** রূপরেখা/কৌশল প্রণয়ন -আগামি ২৫ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখের মধ্যে ইআরডিতে (ওয়ার্ড ফরমেটে নিকষ ফন্টে সফট কপিসহ ই-মেইলে (ahmedmonowar@hotmail.com / hmanwar6264@gmail.com )
- **স্মরণিকার** জন্য প্রত্যেক মন্ত্রণালয়/ বিভাগ এবং অধীনস্থ গুরুত্বপূর্ণ সংস্থার এক-পৃষ্ঠার উন্নয়ন বিবরণী- আগামী ৩রা মার্চ, ২০১৮ ইআরডিতে (ওয়ার্ড ফরমেটে নিকষ ফন্টে সফট কপিসহ ই-মেইলে (ahmedmonowar@hotmail.com / hmanwar6264@gmail.com )
- প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ- এর **ফোকাল পয়েন্ট** নির্ধারণ
- **পরবর্তী আন্তঃমন্ত্রণালয় সভা**- আগামি ২৭ ফেব্রুয়ারি, ২০১৮ বেলা ৪টা
  - সভাপতিঃ মন্ত্রিপরিষদ সচিব
  - স্থানঃ মন্ত্রিপরিষদ সম্মেলন কক্ষ